দৈনিক জনকণ্ঠ

270

তারিখ ··· DEC. 07 1999
পৃষ্ঠা 2 কলাম 46

# ঢাকা বিশ্ববিদ্যালয় ॥ ৩০ বছর পর ১৮ ডিসেম্বর সমাবর্তন ক্যাম্পাসে সাজ সাজ রব

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ দীর্ঘ ৩০ বছর পর আগামী ১৮ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪০তম সমাবর্তন উপলক্ষে ক্যাম্পাসে সাজ সাজ রব উঠেছে। দেড় হাজারের অধিক ছাত্রছাত্রী রেজিস্ট্রেশন করেছে। সমাবর্তন উৎসব আয়োজন কমিটি ১২টি উপকমিটি ও ১১টি উপ-উপকমিটির মাধ্যমে মোট ব্যয় হচ্ছে এক কোটি টাকা। সমাবর্তন উপলক্ষে তিন হাজার গাউন তৈরি করা হচ্ছে। দু'টি পর্বে অনুষ্ঠিত সমাবর্তনে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও অর্থনীতিবিদ অমর্ত্য সেন বক্তৃতা করবেন। এ ছাড়া বিরোধীদলীয় নেত্রী, মন্ত্রিপরিষদ সদস্য, সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্যসহ বিভিন্ন পেশাজীবী-সংগঠনের নেতৃবৃন্দ ও দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গকে সমাবর্তনে বিশেষভাবে আমন্ত্রণ জানানো হবে। গতকাল সোমবার উপাচার্যের বাসভবনস্থ কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে অধ্যাপক একে আজাদ চৌধুরী এ কথা বলেন।

উপাচার্য সাংবাদিক সম্মেলনে ৩০ বছর পর এই সমাবর্তন অনুষ্ঠানে সকল অনিচ্ছাকৃত ভুলত্রুটি ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখে সার্বিক সহযোগিতা চেয়েছেন। এ সময় তিনি আবেগ আপ্লুত হয়ে বলেন, আমার ছেলেরা সমাবর্তনের স্মৃতি ভুলে গেছে। আমি চাই কোন ক্ষেত্রে তারা যেন তাদের অধিকার থেকে বঞ্চিত না হয়। ভবিষ্যতে সমাবর্তন নিয়মিত করার জন্য তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সাংবাদিক সম্মেলনে অন্যদের মধ্যে আরও উপস্থিত ছিলেন- উপউপাচার্য অধ্যাপক শাহাদত আলী, প্রক্টর অধ্যাপক ডঃ একেএম নূর-উন-নবী, রেজিস্ট্রার মুহম্মদ সেলিম, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আবুল হাশেম প্রমুখ। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে উপাচার্য বলেন- আমি আশা করি এই মহতী আয়োজনের দিন বিরোধী দল হরতাল ডাকবে না। অপর এক প্রশ্নের জবাবে বলেন- আমার সহকর্মীদের অনেকে ভিন্ন রাজনৈতিক চিন্তা-চেতনায় বিশ্বাস করতে পারেন। তবে বিশ্ববিদ্যালয়ের স্বার্থে আমরা অতীতের মতো এখনও ঐক্যবদ্ধ আছি। গোলাম আযম সম্পর্কিত এক প্রশ্নের জবাবে তিনি বলেন, তাঁকে আমন্ত্রণ জানানোর প্রশ্নই আসে না। আগামী বছরের প্রথমদিকে ডাকসু নির্বাচনের উদ্যোগ নেয়া হবে বলে তিনি সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন।

দুই পর্বে অনুষ্ঠিত সমাবর্তনের প্রথম পর্বে প্রধানমন্ত্রীকে পার্বত্য শান্তি চুক্তিসহ গণতান্ত্রিক প্রক্রিয়া উন্নততর পর্যায়ে নিয়ে আসার জন্য সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী প্রদান করা হবে। একই পর্বে অর্থনীতি নোবেল বাঙালী অমর্ত্য সেনকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রী দেয়া হবে। আগামী ১৭ ডিসেম্বর অমর্ত্য সেন ঢাকায় এসে পৌঁছবেন। এক প্রশ্নের জবাবে উপাচার্য বলেন- যে জাতি গুণীজনের সম্মান দিতে জানে না সে দেশে গুণীজন জন্মায় না।

## আজ মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের সকল ক্লাস সকাল ১০টা পর্যন্ত স্থগিত

মহান একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ঘোষিত হওয়ায় আজ মঙ্গলবার সরকারীভাবে আয়োজিত আনন্দ উৎসবে যোগ দিতে ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাপক কর্মসূচী গ্রহণ করেছে। এই কর্মসূচীতে অংশগ্রহণের লক্ষ্যে আজ সকাল ১০টা পর্যন্ত সকল ক্লাস স্থগিত করা হয়েছে। তবে নির্ধারিত সকল পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে সাতটায় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কর্মকর্তাবৃন্দ উপাচার্যের নেতৃত্বে এক র‍্যালিতে অংশ নেবেন। র‍্যালিটি অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শুরু হয়ে পরে পল্টন ময়দানে অনুষ্ঠিত রাষ্ট্রীয় অনুষ্ঠানে যোগ দেবে।